

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
(গোপনীয় শাখা)
www.narsingdi.gov.bd

স্মারক নম্বর- ০৫.৩০.৬৮০০.১০১.০১.০০১.২৪.১২১


তারিখ: ২৬ কার্তিক ১৪৩১
১১ নভেম্বর ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত শহীদদের নামের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েব পেজ দুটিতে প্রকাশ করা হয়েছে।

গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে নরসিংদী জেলার নিহত বা নিখোঁজ হয়েছেন বা বেওয়ারিশ লাশ হিসেবে দাফন করা হয়েছে বা আহত হয়ে চিকিৎসাধীন থাকাবস্থায় মারা গিয়েছেন বা আন্দোলনে সম্পৃক্ত থেকে অন্য কোন ভাবে মৃত্যুবরণ করেছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

সংশ্লিষ্ট মৃত/নিখোঁজ ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ তাঁর পরিবারের সদস্য বা আত্মীয়কে জেলা প্রশাসক, নরসিংদী বরাবর আবেদন করতে হবে। আগামী ১২/১১/২০২৪ তারিখ হতে ২৪/১১/২০২৪ তারিখ পর্যন্ত আবেদন জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী অথবা সরাসরি ২য় তলা, ভবন নং-২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিনিট রোড, ঢাকা-১০০০ এ ঠিকানায় পাঠানো যাবে। ই-মেইলে আবেদন muspecialcell36@gmail.com ঠিকানায় পাঠাতে হবে।


১১.১১.২০২৪

মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী
জেলা প্রশাসক
নরসিংদী

ফোন: +৮৮০২২২৪৪৫২৫০০
ই-মেইল:

dcnarsingdi@mopa.gov.bd

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পুলিশ সুপার, নরসিংদী।
০৪. সিভিল সার্জন, নরসিংদী।
০৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), নরসিংদী।
০৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), নরসিংদী।
০৭. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নরসিংদী।
০৮. জনাব....., ছাত্র সমন্বয়ক।
০৯. অফিস কপি।